প্রথম আলো

আফ্রিকা

# আদানির সঙ্গে ২৫০ কোটি ডলারের চুক্তি বাতিলের ঘোষণা কেনিয়ার

আল জাজিরা

আপডেট: ২২ নভেম্বর ২০২৪, ১৭: ০৩



কেনিয়ার প্রেসিডেন্ট উইলিয়াম রুটো (বাঁয়ে) ও আদানি গোষ্ঠীর চেয়ারপারসন গৌতম আদানি *ফাইল ছবি: রয়টার্স*

ভারতের আদানি শিল্পগোষ্ঠীর সঙ্গে ২৫০ কোটি মার্কিন ডলারের বেশি অর্থের চুক্তি বাতিলের ঘোষণা দিয়েছে আফ্রিকার দেশ কেনিয়া। বার্তা সংস্থা রয়টার্সের বরাতে এ তথ্য জানিয়েছে আল-জাজিরা।

ঘুষ ও প্রতারণার অভিযোগে যুক্তরাষ্ট্রে আদানি গোষ্ঠীর চেয়ারপারসন গৌতম আদানি অভিযুক্ত হওয়ার পর কেনিয়া এ ঘোষণা দিল।

বিশ্বের অন্যতম শীর্ষ ধনী গৌতম আদানি। গত বুধবার যুক্তরাষ্ট্রের কৌঁসুলিরা গৌতম আদানি ও তাঁর কয়েকজন সহযোগীকে অভিযুক্ত করেন।

একই দিন গৌতম আদানির বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়। তাঁর ভাতিজা সাগর আদানির বিরুদ্ধেও গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে।

যদিও আদানি গোষ্ঠী এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের কৌঁসুলিদের অভিযোগকে ‘ভিত্তিহীন’ বলে অভিহিত করেছে। পাশাপাশি তারা ‘সম্ভাব্য সব আইনি ব্যবস্থা’ গ্রহণ করা হবে বলে জানিয়েছে।

কেনিয়ার প্রেসিডেন্ট উইলিয়াম রুটো গতকাল বৃহস্পতিবার দেশটির পার্লামেন্টে ভাষণ দেন। এই ভাষণেই তিনি আদানি গোষ্ঠীর সঙ্গে হওয়া দুটি চুক্তি বাতিলের ঘোষণা দেন।

একটি চুক্তির অর্থমূল্য প্রায় ২০০ কোটি মার্কিন ডলার। এই চুক্তির আওতায় দেশটির জোমো কেনিয়াত্তা আন্তর্জাতিক বিমানবন্দরে দ্বিতীয় রানওয়ে করার কথা ছিল আদানি গোষ্ঠীর। এ ছাড়া ৩০ বছর মেয়াদি ইজারার (লিজ) আওতায় বিমানবন্দরের যাত্রী টার্মিনাল উন্নত করার কথা ছিল।

রুটো তাঁর ঘোষণায় আরও বলেন, তিনি আরেকটি ৩০ বছর মেয়াদি ৭৩ কোটি ৬০ লাখ মার্কিন ডলারের সরকারি-বেসরকারি খাতের অংশীদারত্ব (পিপিপি) চুক্তি বাতিল করছেন। আদানি গোষ্ঠীর একটি ফার্ম গত মাসে কেনিয়ার জ্বালানি ও পেট্রোলিয়াম মন্ত্রণালয়ের সঙ্গে বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণের জন্য এই চুক্তি সই করেছিল।

কেনিয়ার প্রেসিডেন্ট বলেন, তিনি পরিবহন এবং জ্বালানি ও পেট্রোলিয়াম মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সংস্থাগুলোকে অবিলম্বে চুক্তি বাতিলের জন্য নির্দেশ দিয়েছেন। তদন্তকারী সংস্থা ও অংশীদার দেশগুলোর কাছ থেকে পাওয়া নতুন তথ্যের আলোকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আদানি শিল্পগোষ্ঠীর সঙ্গে চুক্তি বাতিল করা নিয়ে প্রেসিডেন্ট রুটোর ঘোষণায় পার্লামেন্টে আইনপ্রণেতারা তুমুল করতালি দেন। তাঁরা উল্লাস করেন।

চুক্তিগুলোর স্বচ্ছতা নিয়ে কেনিয়ার অনেক রাজনীতিবিদ ও সাধারণ মানুষ প্রশ্ন তুলছিলেন। চুক্তির অর্থমূল্য নিয়েও দেশটিতে তীব্র সমালোচনা হচ্ছিল। এখন চুক্তি দুটি বাতিলের ঘোষণা দিল কোনিয়া। এ বিষয়ে মন্তব্যের অনুরোধে আদানি গোষ্ঠীর প্রতিনিধিরা তাৎক্ষণিকভাবে সাড়া দেননি।

**ভারতীয় ধনকুবের গৌতম আদানি ঘুষ-প্রতারণায় যুক্তরাষ্ট্রে অভিযুক্ত**

**মোদি-আদানি দুজনেই দুর্নীতিগ্রস্ত: সংবাদ সম্মেলনে রাহুলের অভিযোগ**

**ঘুষ কেলেঙ্কারিতে আদানির সম্পদমূল্য কমেছে ১,২৪০ কোটি ডলার**



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো